# Let's Learn English

**অটোমেটিক স্ক্রলের মাধ্যমে ই-বুক পড়া / রিড়ের জন্যঃ**

আপনার ই-বুক বা pdf রিডারের Menu Bar এর **View** অপশনটি তে ক্লিক করে Auto /Automatically Scroll অপশনটি সিলেক্ট করুন (অথবা সরাসরি যেতে ⇨ **Ctrl + Shift + H** )। এবার ↑ **up Arrow** বা ↓ **down Arrow** তে ক্লিক করে আপনার পড়ার সুবিধা অনুসারে স্ক্রল স্পীড ঠিক করে নিন।

## Alphabet (অ্যালফাবেট) বর্ণমালা :

Alphabet বলতে ইংরেজীর ২৬ টি বর্ণমালাকে বুঝায়।

Pronunciation of Alphabet ( প্রোনানসিয়েশন অফ্ অ্যালফাবেট) বর্ণের উচ্চারণ :

A (এ) ---যদিও A (এ) উচ্চারণ করা হয় তবে 'A book' 'a cat' এ ধরনের Word ও Sentence এর সময় এর উচ্চারণ হয় 'আ' যা গলার ভিতর থেকে আসে এবং উচ্চারণের সময় মুখ গহ্বর ফাঁক হবে।

B (বি) -বি উচ্চারণ একটু জোরে হবে এবং জিহ্বার মাঝ থেকে উচ্চারিত হবে।

C (সি) -সি উচ্চারণের সময় প্রায় দাঁত বন্ধ থাকবে এবং জিহ্বার শেষ প্রান্ত থেকে উচ্চারিত হবে।

D (ডি) --- এটা Hard Sound বেশ জোরে উচ্চারিত হবে।

E (ই) --- গলার ভিতর থেকে উচ্চারিত হবে।

F (এফ) --- জিহ্বার আগা থেকে উচ্চারিত হবে।

G (জি) --- দাঁত বন্ধ থাকবে কিন্তু গলার ভিতর থেকে উচ্চারণ করতে হবে।

H (এইচ) --- এটা Hard Sound জোরে উচ্চারিত হবে। জিহ্বার আগা সামান্য উল্টিয়ে যাবে।

I (আই) --- গলার ভিতর থেকে আসবে।

J (জে) --- জিহ্বার মাঝখান থেকে উচ্চারিত হবে।

K (কে) --- 'কে' এবং 'খে' এর মাঝামাঝি যে উচ্চারণ সেভাবে উচ্চারিত হবে। এটাও Hard Sound

L (এল) --- জিহ্বা উপরের তালুতে ঠেকবে।

M (এম) --- গলার ভিতর থেকে উচ্চারিত হবে।

N (এন) --- জিহ্বা উল্টিয়ে গলার ভিতর থেকে উচ্চারিত হবে।

O (ও) --- ঠোঁট থেকে উচ্চারিত হবে।

P (পি) --- ঠোঁট থেকে উচ্চারিত হবে।

Q (কিউ) --- জিহ্বা উল্টিয়ে গলার ভিতর থেকে উচ্চারিত হবে।

R (আর) --- জিহ্বা উল্টিয়ে একেবারে উপরের তালুর সাথে ঠেকবে।

S (এস) --- গলার ভিতর থেকে উচ্চারিত হবে।

T (টি) --- 'টি' ও 'ঠি' এর মধ্যের মাঝামাঝি উচ্চারণ।

tanbircox.blogspot.com

U (ইউ) --- জিহ্বা উল্টিয়ে উচ্চারিত হবে।

V (ভি) --- 'ভি' ও 'বি' এর মাঝামাঝি উচ্চারণ।

W (ডবিউ) --- ডবল ইউ উচ্চারিত হবে। জিহ্বা উল্টিয়ে উচ্চারিত হবে।

X (এক্স) --- জিহ্বার মাঝ থেকে উচ্চারিত হবে।

Y (ওয়াই) --- মুখ ভরে উচ্চারণ করতে হবে।

Z (জেড) --- এটাও Hard Sound বেশ জোরে উচ্চারিত হবে।

যদিও Alphabet সম্মন্ধে মোটামুটি প্রত্যেকেরই জ্ঞান আছে তথাপি যেভাবে নির্দেশ দেওয়া হয়েছে সেভাবে উচ্চারণ করা না হলে বা Practice না করলে Perfect উচ্চারণ আসবে না। সুতরাং নির্দেশিত উপায়ে Practice করুন সঙ্গে পড়া ও চালিয়ে যান।

# সংক্ষিপ্ত শব্দ: (Shortened words)

আধুনিক যুগে বেশ কিছু ইংরেজী শব্দ বলার সময় Shortened এ বলা হয় যা শ্রুতিমধুর এবং যুগোপযোগী।

<u>Long form Short form</u>

I am I'm (আই এ্যাম) (আয়ম)

I am not I'm not (আই এ্যাম নট) (আয়ম নট)

He is He's (হি ইজ) (হি'জ)

He is not He isn't / he's not (হি ইজ নট্) (হি ইজেন্ট/ হি'জ নট্)

It is It's (ইট ইজ) (ইট্স)

It is not It isn't / It's not (ইট ইজ নট) (ইট ইজেন্ট/ ইট্স নট)

You are You're (ইউ আর) (ইওর)

You are not You aren't / You're not (ইউ আর নট) (ইউ আরেন্ট/ ইওর নট)

We are We're (উই আর) (উয়ের)

We are not We aren't / We're not (উই আর নট) (উই আরেন্ট / উয়ের নট)

I have I've (আই হ্যাভ) (আইভ)

I have not I haven't / I've not (আই হ্যাভ নট) (আই হ্যাভেন্ট / আইভ নট)

They have They've (দেই হ্যাভ) (দেইভ)

They have not They haven't / They've not (দেই হ্যাভ নট) (দেই হ্যাভেন্ট / দেইভ নট)

I had I'd (আই হ্যাড) (আইড)

I had not I hadn't (আই হ্যাড নট) (আই হ্যাডেন্ট)

I would I'd (আই উড্) (আইড)

I would not I wouldn't / I'd not (আই উড্ নট) (আই উডেন্ট / আইড নট)

He does He doesn't (হি ডাজ) (হি ডাজেন্ট)

tanbircox.blogspot.com

I did I didn’t (আই ডিড) (আই ডিডেন্ট)

I can not I can’t (আই ক্যান নট) (আই ক্যান্ট)

I could not I couldn’t (আই কুড় নট) (আই কুডন্ট)

I shall not I shan’t (আই শ্যাল নট) (আই শ্যান্ট)

I will I’ll (আই উইল) (আয়ল)

I will not I won’t (আই উইল নট) (আই ওনট)

He will He’ll (হি উইল) (হিওল)

He will not He’ll not / He won’t (হি উইল নট) (হিওল নট / হি ওন্ট)

## এবার বাক্যে ( sentence) এসব সংক্ষিপ্ত (short) শব্দের কিছু ব্যবহার দেখানো হল।

1. আমি এটি করিনি

I did not do it I didn’t do it

(আই ডিড নট ডু ইট) (আই ডিডেন্ট ডু ইট)

2. আমি এটি পেতে চাই

I would like to have this I’d like to have this

(আই উড লাইক টু হ্যাভ দিস) (আইড লাইক টু হ্যাভ দিস)

3.†m আসবে না

He will not come He’ll not come

(হি উইল নট কাম) (হি’ল নট কাম)

He won’t come

(হি ওন্ট কাম)

4. বৃষ্টি হচ্ছে

It is raining It’s raining

(ইট ইজ রেইনিং) (ইট’স রেইনিং)

5. আমি একজন শিক্ষক

I am a teacher I’m a teacher

(আই অ্যাম আ টিচার) (আয়ম আ টিচার)

6. তুমি কাজটি করছ না

You are not doing the work You aren’t doing the work

(ইউ আর নট ডুয়িং দ্য ওয়ার্ক) (ইউ আরেন্ট ডুয়িং দ্য ওয়ার্ক)

You’re not doing the work

(ইওর নট ডুয়িং দ্য ওয়ার্ক)

tanbircox.blogspot.com

7. আমি ঢাকায় যাব

I will go to Dhaka I'll go to Dhaka

(আই উইল গো টু ঢাকা) (আয়ল গো টু ঢাকা)

8. তুমি আমার সাথে আসবা

You will come with me you'll come with me

(ইউ উইল কাম উইথ মি) (ইওল কাম উইথ মি)

9. আমি এটা করতে পারি না

I can not do this I can't do this

(আই ক্যান নট ডু দিস) (আই ক্যান্ট ডু দিস)

10. সে আম পছন্দ করে না

He does not like mango He doesn't like mango

(হি ডাজ নট লাইক ম্যাংগো) (হি ডাজেন্ট লাইক ম্যাংগো)

অনুশীলনী (exercise):

এবার এগুলো Short করুন-

I am ......................

They are...................

She is......................

He is.......................

You are...................

They are...................

I have......................

You have.................

I will not.................

She would not...............

You are not...................

He is not........................

That is...........................

They have......................

tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

# ইংরেজী কথোপকথন

ইংরেজী কথোপকথনের দক্ষতা বৃদ্ধির জন্য একটি ছোট ধরণের কথোপকথন দ্বারা শুরু করা যাক- কারো সঙ্গে দেখা হলে তার সঙ্গে যে ভাবে কথা শুরু করবেন। মনে করুন কোন বন্ধুর সঙ্গে অনেকদিন পর কোন দোকানে দেখা হল ......

১ম বন্ধু : Oh you! How are you ? (ও ইউ ! হাউ আর ইউ?)

আরে তুমি! কেমন আছ?

২য় বন্ধু : I am fine and you? (আই অ্যাম ফাইন এ্যান্ড ইউ?)

আমি ভাল আছি আর তুমি?

১ম বন্ধু : Me too. It has been so long. (মি টু। ইট হ্যাজ বিন সো লং)

আমিও। কত দিন পর দেখা।

২য় বন্ধু : Yes! It has really been very long since we last met.

(ইয়েস ! ইট হ্যাজ রিয়েলী বিন ভেরী লং সিন্স উই লাষ্ট মেট)

হ্যা! সত্যিই অনেকদিন পর দেখা শেষ দেখা হওয়ার পর।

১ম বন্ধু :What are you doing now a days? (হোয়াট আর ইউ ডুইং নাউ আ ডেইস?) আজকাল কি করছ?

২য় বন্ধু : You know I had some business; doing the same. (ইউ নো, আই হ্যাড সাম বিজনেছ, ডুইং দ্যা সেম)

তুমি জানো, আমার কিছু ব্যবসা ছিল, সেটাই করছি।

What about you? (হোয়াট অ্যাবাউট ইউ?)

তুমি কি করছ?

১ম বন্ধু : The same job I had been doing for three years. (দ্যা সেম জব অ্যাই হ্যাভ বিন ডুইং ফর থ্রি ইয়ারস)

ঐ একই চাকুরী যা তিন বৎসর থেকে করছিলাম।

২য় বন্ধু : What are you doing here? Are you buying anything?

Let’s sit somewhere. (হোয়াট আর ইউ ডুইং? আর ইউ বায়িং এ্যানি থিং? লেট্স সিট সামহোয়ার)

তুমি এখানে কি করছ? কিছু কি কিনছো? চল কোথাও বসা যাক।

১ম বন্ধু : I was thinking of buying some dresses. But I ran short of money. (আই ওয়াজ থিংকিং অফ বায়িং সাম ড্রেসেস। বাট আই র‍্যান শর্ট অফ মানি।)

আমি ভাবছিলাম যে কিছু ড্রেস কিনব। কিন্তু আমার টাকা কম পড়ছে।

২য় বন্ধু : By how much money are you short?

facebook /gmail/skype: - tanbir.cox Website :- http://tanbircox.blogspot.com

(বাই হাউ ম্যাচ মানি আর ইউ সর্ট?)

তোমার কত টাকা কম পড়েছে?

১ম বন্ধু : I am short by 100 taka.

(আই এ্যাম সর্ট বাই হানড্রেড টাকা)

আমার ১০০ টাকা কম পড়েছে।

২য় বন্ধু : I know you are fond of fashionable clothes.

(আই নো ইউ আর ফন্ড অব ফ্যাশন্যাবল ক্লথ্জ)

আমি জানি তুমি কেতাদুরস্ত পোশাক ভালবাস।

So take it. I shall give you the money.

(সো টেক ইট। অ্যাই শ্যাল গিভ ইউ দ্য মানি)

সুতরাং নিয়ে নাও। আমি তোমাকে টাকাটা দিয়ে দিব।

১ম বন্ধু : Thank you very much. Father will be at home tomorrow. Please come to meet him. He will be very pleased.

(থ্যাঙ্ক ইউ ভেরী মাচ। ফাদার উইল বি এ্যাট হোম টুমরো। প্লিজ কাম টু মিট হিম। হি উইল বি ভেরী প্লিজ্ড)

তোমাকে অনেক ধন্যবাদ। বাবা কালকে বাড়িতে থাকবেন। তার সঙ্গে দেখা করতে আসবা কিন্তু। তিনি খুব খুশি হবেন।

২য় বন্ধু : Oh sure! But not tomorrow, I won't be able to come tomorrow. I will be busy.

(ওহ সিওর! বাট নট টুমরো। অ্যাই ওনট বি এ্যাবল টু কাম টুমরো। আই উইল বি বিজি)

ও অবশ্যই! কিন্তু কালকে নয়। কালকে আমার পক্ষে সম্ভব হবে না। আমি ব্যস্ত থাকবো।

১ম বন্ধু :Ok. some other day perhaps. Please give my regards to your father.(I‡K| সাম আদার ডে পারহ্যাপ্স পিজ গিভ মাই রিগারডস্ টু ইওর ফাদার)

ঠিক আছে অন্য একদিন তাহলে। তোমার বাবাকে আমার ছালাম জানাবে।

২য় বন্ধু : Bye, see you again (বাই সি ইউ এগেইন) বিদায়। আবার দেখা হবে।

tanbircox.blogspot.com

# In a sari store (শাড়ির দোকানে):

ঘরের বাহিরে পা ফেললেই বিশেষ করে বিদেশে যা খুব বেশি দরকার লাগে তা হল কেনাকাটা (Shopping). সুতরাং প্রথমেই আলোচনা করা যাক দোকানদার (Shopkeeper) এর সাথে খরিদ্দার (Customer) এর কথোপকথন কি ধরনের হতে পারে।

Customer: Could you please show me some saris?

(কুড ইউ পিজ শো মি সাম শাড়িশ?) দয়া করে কিছু শাড়ি দেখাতে পারবেন?

Shopkeeper: Oh Sure! Here are some beautiful saris.

(ওহ শিওর! হেয়ার আর সাম বিউটিফুল শাড়িশ) হ্যা অবশ্যই! এই যে কতগুলো সুন্দর শাড়ি।

Customer: No, not these type. Show me some new fashions.

(নো, নট দিজ টাইপ। শো মি সাম নিউ ফ্যাশনজ) না,এই ধরনের নয়। আমাকে কিছু নতুন ধরনের দেখান।

Shopkeeper: These are all new fashions. Please tell me which kind you prefer.

(দিজ আর অল নিউ ফ্যাশনজ। পিজ টেল মি হুইচ কইন্ড ইউ প্রেফার।)

এগুলো সবই নতুন ধরনের। দয়া করে বলুন আপনি কি ধরনের চান?

Customer: Nice colour with simple print and small border.

(নইস কালার উইথ সিমপল্ প্রিন্ট এ্যান্ড স্মল বরডার) সুন্দর রং সহ সাধারণ নকশা আর ছোটপাড়।

Shopkeeper: Okay, I'll show you. Maybe you will like these.

(ওকে, আই উইল শো ইউ। মেইবি ইউ উইল লাইক দিজ)

ঠিক আছে আমি আপনাকে দেখাব।মনে হয় আপনার এগুলো পছন্দ হবে।

Customer: Yes, I like these. But it'd be better if it was green.

(ইয়েজ,আই লাইক দিজ। বাট ইটড বি বেটার ইফ ইট ওয়াজ গ্রিন।)

হ্যা,আমার এগুলো পছন্দ হয়েছে। কিন্তু এটা সবুজ হলে ভাল হত।

Shopkeeper: And? (এ্যান্ড?) আর?

Customer: Yes, border a little bigger, again do you have silver bordered ones?

(ইয়েজ, বরডার এ লিটল বিগার, এগেইন ডু ইউ হ্যাভ সিলভার বরডার্ড ওয়ানস্?

হ্যা, পাড়টা আর একটু বড় আর আপনার কাছে রুপালী পাড় ওয়ালা হবে?

Shopkeeper: Oh, yes! Here. (ওহ ইয়েজ। হেয়ার) ওহ অবশ্যই!এই যে।

Customer: This is good. But do you have blackish green?

(দিস ইজ গুড। বাট ডু ইউ হ্যাভ বাকিশ গ্রিন?) এটা ভালই। কিন্তু কালচে সবুজ হবে?

Shopkeeper: No, I'm sorry I don't have. (নো,আয়ম সরি। আই ডোন্ট হ্যাভ) না। আমি দুঃখিত আমার কাছে নেই।

Customer: All right, I'll take this. (অল রাইট, আয়ল টেক দিস) ঠিক আছে, আমি এটাই নিচ্ছি।

tanbircox.blogspot.com

# বাক্য (Sentence)

ইংরেজীতে কথোপকথনের জন্য Sentence সম্পর্কে ধারনা থাকা প্রয়োজন। Sentence সম্পর্কে সম্যক ধারনা থাকলে কথোপকথন সহজ হবে। একাধিক শব্দ বা word একত্রে বসে যদি মনের একটি ভাব পুরাপুরি প্রকাশ করে তবে তাকে Sentence বা বাক্য বলে। ( A sentence is a set of words which gives a complete sense)

অর্থভেদে sentence কে পাঁচ ভাগে ভাগ করা হয়েছে।

যেমন:-

1. Assertive sentence (এ্যাসারটিভ সেনটেনস্)
2. Interrogative sentence (ইনট্রোগেটিভ সেনটেনস)
3. Imperative sentence (ইমপ্যারাটিভ সেনটেনস্)
4. Optative sentence (অপটেটিভ সেনটেনস্)
5. Exclamatory sentence (এক্সক্লেমেটরী সেনটেনস )

tanbircox.blogspot.com

## Assertive sentence (এ্যাসারটিভ সেনটেনস্)

Assertive sentence নিয়ে প্রথমে আলোচনা করা যাক। যে sentence এ কোন বিবৃতি প্রদান করা হয় তাকে Assertive sentence বলে। অর্থাৎ সাধারণভাবে যে সব কথাবার্তা বলা হয় তা Assertive sentence এর অন্তর্গত। Assertive sentence আবার দুই প্রকার: Affirmative sentence (হা বোধক) ও negative (না বোধক)। কয়েকটি Assertive sentence অর্থ সহ দেওয়া হলো।

কিছু Assertive sentence

Affirmative (হা- বোধক)

১. সময় নষ্ট করা দু:খের ব্যাপার To waste time is a pity
(টু ওয়েষ্ট টাইম ইজ আ পিটি)

২. আমার উদ্দেশ্য তোমাকে সাহায্য করা My aim is to help you (মাই এইম ইজ্ টু হেল্প ইউ)

৩. আমি এটা ভেবে দেখব I'll think about it. (আয়লথিংক অ্যাবাউট ইট)

৪. সে নিশ্চিত যে কাজটা ঠিক হবে He is certain that the work will be right. (হি ইজ সারটেইন দ্যাট ওয়ার্ক উইল বি রাইট)

৫. তোমার এটা করা উচিত You shouldn't do this (ইউ সুডন্ট ডু দিজ)

৬. আমি তাকে বিশ্বাস করি I believe him (আই বিলিভ হিম)

৭. শীঘ্রই নয়টা বাজবে It'll soon be nine (ইটল সুন বি নাইন)

৮. আমি আমার সাথে আমার বইটি এনেছি I bought my book with me (আই বট মাই বুক উইথ মি)

৯. আজ বাহিরে যাবো I will go out today (আই উইল গো আউট টুডেই)

১০. এই দোকানিটি আমার একজন পুরানো বন্ধু

This shopkeeper is an old friend of mine (দিস শপকিপার ইজ এ্যান ওল্ড ফ্রেন্ড অফ মাইন)

১১. আমার মনে হয় আমার সেখানে I think I should go there

যাওয়া উচিত (আই থিংক আই সুড গো দেয়ার)

১২. সে ভাল গান গেতে পারে She can sing well (শি ক্যান সিং ওয়েল)

১৩. মেয়েটি খুব বুদ্ধিমান The girl is very intelligent (দ্য গার্ল ইজ ভেরি ইন্টেলিজেন্ট)

১৪. আমি ভাত খেতে পছন্দ করি I like to eat rice (আই লাইক টু ইট রাইস)

১৫. আমার চা খাওয়ার অভ্যাস আছে I have a habit of drinking tea (আই হ্যাভ এ হ্যাবিট অফ ড্রিংকিং টি)

১৬. আমি তোমাকে সাঁতার শিখাতে পারব I can teach you how to swim

১৭. সে নাচতে জানে She knows how to dance

১৮. চল, দোকানটিতে যাই Come, let's go to the shop

১৯. সে গতকাল বগুড়ায় গিয়েছে He went to Bogra yesterday

২০. সে কাল আমেরিকায় রওয়ানা হবে He leaves for America tomorrow

২১. আমি চাবিটি হারিয়ে ফেলেছি I lost the key (আই লষ্ট দ্য কি)

২২. কাল আমার বাড়িতে এস Come to my house tomorrow

২৩. তোমার গানটা দারুন হয়েছে Your song was splendid (ইওর সং ওয়াজ স্পেনডিড)

২৪. আমার কলমের কালি শেষ My pen ran out of ink (মাই পেন র্যান আউট অফ ইংক)

২৫. সব কিছু গুছিয়ে আমি চলে যাব I'll go packing all my things

tanbircox.blogspot.com

## Negative (না - বোধক)

২৬. আজ অফিসে যাব না ⇨I won't go to the office today (আই ওন্ট গো টু দ্য অফিস টুডেই)

২৭. এটা করা উচিত বলে আমি মনে করি না ⇨I don't think it is right to do this

( আই ডোন্ট থিংক ইট ইজ রাইট টু ডু দিস)

২৮. তুমি আর এখানে আসবা না You won't come here anymore (ইউ ওন্ট কাম হেয়ার এনিমোর)

২৯. সে রানড়বা করতে জানে না He doesn't know how to cook (হি ডাজেন্ট নোউ হাউ টু কুক)

৩০. তুমি মনে হচ্ছে খুশি হও নি You don't seem to be happy (ইউ ডোন্ট সিম টু বি হ্যাপি)

৩১. আমি এটা তাকে করতে দেব না I won't allow them to do this (আই ওন্ট অ্যালাও দেম টু ডু দিস্)

৩২. আমি তাকে বিশ্বাস করিনি I didn't trust him (আই ডিডেন্ট ট্রাষ্ট হিম)

৩৩. আমি তাকে চিনি না I don't know him .(আই ডোন্ট নোউ হিম)

৩৪. বাঘেরা সকালে বের হয় না The tigers don't come out in the morning
(দ্য টাইগার্স ডোন্ট কাম আউট হন দ্য মর্নিং)

৩৫. ছবিটা সুন্দর না The picture isn't pretty (দ্য পিকচার ইজ্ন্ট প্রিটি)

৩৬. যন্ত্রটা চলছে না The machine is not working (দ্য মেশিন ইজ্ নট ওয়ার্কিং)

৩৭. আমি কোনমতেই সেখানে যাব না There is no way I'll go there
(দেয়ার ইজ নো ওয়েই আয়ল গো দেয়ার)

৩৮. কোন কিছুই আমার মত পাল্টাতে পারবে না Nothing can't change my decision
(নাথিং ক্যান চেঞ্জ মাই ডিসিশান)

৩৯. সে কথাটা বলেনি He didn't say the word .(হি ডিডেন্ট সেই দ্য ওয়ার্ড)

৪০. তার নিজের উপর আস্থা নেই He doesn't have confidence on himself
(হি ডাজেন্ট হ্যাভ কনফিডেন্স অন হিমসেল্ফ)

৪১. আমি জানতাম না কথাটা I didn't know the word .(আই ডিডেন্ট নো দ্য ওয়ার্ড)

৪২. আমি চা খাই না I don't drink tea .(আই ডোন্ট ড্রিংক টি)

৪৩. সে আর ফিরে আসবে না She won't come back again (সি ওন্ট কাম ব্যাক এগেইন)

৪৪. তার কাছে খাতাটা নেই He doesn't have the copy .(হি ডাজেন্ট হ্যাভ দ্য কপি)

৪৫. তুমি আজ স্কুলে যাও নি You didn't go to school today (ইউ ডিজেন্ট গো টু স্কুল টুডেই)

৪৬. সে খেলতে চায় না She doesn't want to play .(শি ডাজেন্ট ওয়ান্ট টু পেই)

৪৭. মিথ্যা বলা ভাল না It is not good to tell a lie .(ইট ইজ নট গুড টু টেল এ লাই)

৪৮. সে এরকম হতেই পারে না He can't be like this .(হি ক্যান্ট বি লাইক দিস)

৪৯. কিভাবে যে শুরু করব ভেবে পাচ্ছি না I can't think of how to start
(আই ক্যান্ট থিংক অফ হাউ টু ষ্টার্ট)

৫০. সে ঘোড়ায় চড়বে না He won't ride a horse .(হি ওন্ট রাইড আ হর্স)

tanbircox.blogspot.com

# Interrogative sentence

Interrogative sentence - কোন প্রশ্নড়ব জিজ্ঞেস করলে তাকে Interrogative sentence বলা হয়। Interrogative sentence এ verb এর পরে subject বসে। Verb 'To be' এবং 'To have' ব্যতীত Present Indefinite Tense এ Do / Does এবং Past Indifinite Tense এ Did এই Auxiliary verb গুলির সাহায্যে Interrogative Sentence গঠিত হয়।

আবার নিজের মতে কারও সমর্থন চাইলে Sentence এর সাথে একটি প্রশ্নড়বও জুড়ে দেওয়া হয়। একে Tag question বলে। সাধারণ Positive statement এর সাথে Negative tag এবং Negetive statement এর সাথে positve tag থাকে।

কিছু Interrogative Sentence

১. বাজে জিনিস পড়ে সময় নষ্ট কর কেন? Why do you waste time in reading trash? (হোয়াই ডু ইউ ওয়েষ্ট টাইম ইন রিডিং ট্রাস?)

২. সেকি তোমাকে ইহা বলে নাই? Didn't he tell you this? (ডিডেন্ট হি টেল ইউ দিস?)

৩. তুমি কি করছিলে? What were you doing? (হোয়াট ওয়্যার ইউ ডুয়িং?)

৪. কেকটি কি তুমি বানিয়েছ? Did you make this cake?(wWW ইউ মেক দিস কেক?)

৫. তুমি কি আজ উঠবে না? Won't you get up today? (ওন্ট ইউ গেট আপ টুডে?)

৬. আপনি কেন ব্যাসত হচ্েছন? Why do you bother? (হোয়াই ডু ইউ বদার?)

৭. আপনি এখানে কেন এসেছেন? What brings you here? (হোয়াট ব্রিংস ইউ হিয়ার?)

৮. তুমি গতকাল মার্কেটে গিয়েছিলে, যাওনি? You went to the market yesterday, didn't you? (ইউ ওয়েন্ট টু দা মার্কেট ইয়েস্টারডে,ডিডেন্ট ইউ?)

৯. আকাশ মেঘে ঢাকা, তাই না? The sky is clouded, isn't it? (দা স্কাই ইজ ক্লাউডেড, ইজেন্ট ইট?)

১০. তোমার কলমটি ভাল লেখে, লেখে না? Your pen writes well, doesn't it? (ইওর পেন রাইটস ওয়েল, ডাজেন্ট ইট?)

১১. তোমার টাকার টান পরেছিল, নয় কি? You were short by money, weren't you? (ইউ ওয়ের শর্ট বাই মানি, ওয়ারেন্ট ইউ?)

১২. তাহাদের কেউই উওরটা জানতনা, জানত? None of them knew the answer, did they? (নান অফ দেম নিউ দা অ্যানসার,ডিড দেই?)

১৩. আজ খুব ঠান্ডা, নয় কি? It's very cold today, isn't it? (ইট্স ভেরি কোল্ড টুডে, ইজেন্ট ইট?)

১৪. আমরা শিঘ্রই তৈরি হয়ে যাব, যাব না? We will be ready soon, won't we be? ( উই উইল বি রেডি সুন, ওন্ট উই বি?)

tanbircox.blogspot.com

১৫. তুমি তোমার কাজ শেষ করে নিয়েছিলে, নাওনি? You had your work done, hadn't you?
(ইউ হ্যাড ইওর ওয়ার্ক ডান, হ্যাডেন্ট ইউ?)

১৬. তুমি ইংরেজী বলতে পারো, পারোনা? You can speak English, can't you?
(ইউ ক্যান স্পিক ইংলিস, ক্যান্ট ইউ?)

১৭. আপনার সেখানে যাওয়ার দরকার নেই, আছেকি? You needn't go there, do you?
(ইউ নিডেন্ট গো দেয়ার, ডু ইউ?)

১৮. তুমি কি সারাক্ষণ বাইরে ছিলে? Were you out the whole time? (ওয়ের ইউ আউট দা হোল টাইম?)

১৯. কয়টা বাজে? What time is it? (হোয়াট টাইম ইজ ইট?)

২০. তুমি সেখানে কি করছিলে? What were you doing there? (হোয়াট ওয়ের ইউ ডুয়িং দেয়ার ?)

২১. তুমি কি তোমার গাছ গুলো ছাঁটতেছিলে? Were you pruning your plants?
(ওয়ের ইউ প্রুনিং ইওর প-্যান্টস?)

২২. তুমি তোমার গাছে পানি দিয়েছ? Did you water your plants? (ডিড ইউ ওয়াটার ইওর প্যান্টস ?)

২৩. আমরা সেখানে যাব না, যাব কি? We won't go there, would we? (উই ওন্ট গো দেয়ার, উড উই?)

২৪. দিনটা খুব সুন্দর তাই না? The day is very wonderful, isn't it?
(দা ডে ইজ ভেরি ওয়ান্ডারফুল, ইজেন্ট ইট? )

২৫. তোমাকে দিয়ে কি কাজ টি হবে? Will the work be done by you?
(উইল দা ওয়ার্ক বি ডান বাই ইউ?)

২৬. সে বাঁশি বাজাতে পারে, পারে না? She can play the flute, can't she?
(শি ক্যান পে দা ফ্লুট, ক্যান্ট শি?)

২৭. তুমি কি জানালাটা বন্ধ করতে পারবে? Can you close the window? (ক্যান ইউ ক্লোজ দা উইন্ডো?)

২৮. তারা কি বন্ধু? Are they friends? (আর দেই ফ্রেন্ডস?)

২৯. বই টা তোমার সাথে ছিল না? Wasn't the book with you? (ওয়াজেন্ট দা বুক উইথ ইউ?)

৩০. সেকি গেতে পারে? Can she sing? (ক্যান সি সিং?)

৩১. তুমি কেন কালকে চলে গিয়েছিলে? Why did you go yesterday?
(হোয়াই ডিড ইউ গো ইয়েস্টারডে?)

৩২. তুমি কাকে খুজতেছ? Whom are you looking for? (হোম আর ইউ লুকিং ফর?)

৩৩. সেকি তাকে সাহায্য করেছিল? Did he help him? (ডিড হি হেল্প হিম?)

৩৪. সে এখন কোথায় বলে তামার মনে হয়? Where do you think he is? (হোয়্যার ডু ইউ থিংক হি ইজ?)

৩৫. 'হারা' শব্দটি তোমার অভিদানে নেই, আছে কি? The word 'lose' isn't in your dictionary, is it?
(দা ওয়ারড 'লুজ' ইজেন্ট ইন ইয়োর ডিকসনারি, ইজ ইট?)

tanbircox.blogspot.com

# Imperative sentence

এবার আলোচিত হল Imperative sentence. Imperative sentence এ Second person উহ্য থাকে। কিছু Imperative Sentence

১. কথা বলার দক্ষতা কে উনড়বত করার চেষ্টা কর Try to improve your speaking skills.
(ট্রাই টু ইমপ্রুভ ইওর স্পিকিং স্কিলস)

২. মরিচ গুলো রোদে দাও। Put the chillies in the sun. (পুট দা চিলিজ ইন দা সান)

৩. ছবি টি রং কর। Paint the picture. (পেইন্ট দা পিকচার)

৪. আমার মাথা হালকা করে টিপে দাও। Massage my head gently. (ম্যাসেজ মাই হেড জেন্টলি)

৫. তাকে দেখামাত্র সংবাদটি দিবে। As soon as you see him, convery the news to him.
(অ্যাজ সুন অ্যাজ ইউ সি হিম, কনভেই দা নিউজ টু হিম)

৬. বাসায় পৌঁছামাত্র আমাকে ফোন করবে। Phone me as soon as you reach home.
(ফোন মি অ্যাজ সুন অ্যাজ ইউ রিচ হোম)

৭. বুদ্ধি খাটাও। Use your intelligence. (ইউজ ইওর ইন্টেলিজেনস)

৮. টুকরাটার উপর মাখন মাখাও। Butter the slice. (বাটার দা সাইস)

৯. সোম বারের মধ্যে ফিরে আসবে। Do return by Monday. (ডু রিটার্ন বাই মান্ডে)

১০. নিজের কাজ কর। Mind your own business. (মাইন্ড ইওর ওন বিজনেস)

১১. আরাম করে বস। Be seated at ease. (বি সিটেট অ্যাট ইজ)

১২. কম খাও বেশী চিবাও। Eat less munch well. (ইট লেস মান্চ ওয়েল)

১৩. বাসি খাবার খেও না। Don't eat stale food. (ডোন্ট ইট স্টেল ফুড)

১৪. এই কু-অভ্যাস ত্যাগ কর। Give up this bad habit.( গিভআপ দিস ব্যাড হ্যাভিট)

১৫. মুখ সামলায় কথা বল। Hold your tongue.( হোল্ড ইওর টান্গ)

১৬. ভেবে চিন্তে বল। Think before you speak. (থিন্ক বিফোর ইউ স্পিক)

১৭. গাসে আর একটু পানি দাও। Pour some more water in to the glass.
(পোর সাম মোর ওয়াটার ইন টু দা গাস)

১৮. ভালো শ্রোতা হও। Be a good listener. (বি আ গুড লিসেনার)

১৯. মিথ্যা কথা বন্ধ কর। Stop telling lies. (স্টপ টেলিং লাইস)

২০. তোমার মুখে ফুল চন্দন পড়ুক। Blessed be your tongue. (বেস্ড বি ইয়র টাং)

২১. ঘুষ খাওয়া বন্ধ কর। Stop taking bribe. (স্টপ টেকিং ব্রাইব)

২২. দশ টাকার নোট খানা ভাঙাও। Cash this ten-taka note. (ক্যাশ দিস টেন টাকা নোট)

২৩. ও কথা রেখে দাও। Let that matter drop. (লেট দ্যাট ম্যাটার ড্রপ)

২৪. সে একটা বোতাম লাগিয়ে নিক। Let her sew up a button. (লেট হার সিউ আপ এ বাটন)

২৫. আমার সাথে সাথে চলো। Keep pace with me. (কিপ পেইস উইথ মি)

tanbircox.blogspot.com

২৬. সব ব্যবস্থা করে রেখ। Keep everything ready. (কিপ এভ্রিথিং রেডি)
২৭. যাবে যদি তৈরী হয়ে নাও। Get ready if you want to go. (গেট রেডি ইফ ইউ ওয়ান্ট টু গো)
২৮. অহংকারী হবে না। Don't get egoist.(†Wv›U গেট এগোইস্ট)
২৯. কুতর্ক কোরো না। Don't argue unnecessarily. (ডোন্ট আর্গু আননেসেসারিলি)
৩০. অত্যাধিক গ্রাম্য ভাষার ব্যরহার কোর না। Avoid too much slang. (অ্যাভোয়েড টু মাচ স্যাং)
৩১. রং চড়িয়ে কথাবার্তা বলার অভ্যাস Avoid exaggeration. পরিত্যাগ কর। (অ্যাভোয়েড এক্স্যাজেরেশন)
৩২. বিড় বিড় করে কথা বল না। Don't mumble. ( ডোন্ট মাম্বল)
৩৩. প্রসনড়ব ও হাস্য পরিহাস প্রিয় হও। Be cheerful and good humored.
(বি চিয়ারফুল এ্যান্ড গুড হিউমার্ড)
৩৪. নিষ্ঠাহীন হবে না। Don't be insincere. (ডোন্ট রি ইনসিনসিয়ার)
৩৫. সব সময় মনে রাখবে ভাল কাজ Always remember to do good করার কথা। deeds.
(অলওয়েজ রিমেমবার টু ডু গুড ডিড্স)
৩৬. পায়ে পায়ে সবার ভুল ধরার অভ্যাস Avoid finding faults in others in ত্যাগ কর। every step.
(অ্যাভোয়েড ফাইন্ডিং ফল্টস ইন আদারস ইন এভ্রি স্টেপ)
৩৭. জ্ঞান পিপাসু হতে শিখ। Learn to be a lover of knowledge. (লার্ন টু বি এ লাভার অফ নলেজ)
৩৮. অবাধ্য হয়ো না। Don't be impudent. (ডোন্ট বি ইমপুডেন্ট)
৩৯. চল খেলতে যাই। Let's go to play. (লেট্স গো টু পেই)
৪০. কাজটা তাড়াতাড়ি শেষ কর। Do the work quickly. (ডু দা ওয়ার্ক কুইকলি)

tanbircox.blogspot.com

# Optative sentence

ইচ্ছা, আবেগ,অনুভূতি প্রকাশ করতে হলে Optative sentence ব্যবহৃত হয়। সাধারণত Optative sentence, May দিয়ে আরম্ভ করতে হয়। অনেক সময় May উহ্য থাকে।

## কিছু Optative Sentence

১. আলাহ তোমার মঙ্গল করুন। May Allah bless you. (মেই আলাহ বেস ইউ)
২. তাহার আতড়বার শান্তি হোক। May his soul rest in peace. (মেই হিজ সোউল রেস্ট ইন পিস)
৩. তাহার সর্বনাশ হোক। May ruin overtake him. (মে রুইন ওভার টেক হিম)
৪. আমার মা যদি বেঁচে থাকতেন। Would that my mother were alive.
(উড দ্যাট মাই মাদার ওয়ের অ্যালাইভ)
৫. তুমি জীবনে সুখী হও। May you be happy in life. (মে ইউ বি হ্যাপি ইন লাইফ)
৬. যদি একটু ভাল মত পড়াশুনা করতাম। If only I had studied harder. (ইফ ওনলি আই হ্যাড স্টাডিড হার্ডার )

৭. আশা করি তার উনড়বতি হোক। Wish he'd prosper. (উইশ হি উড প্রসপার )

৮. যদি জানতাম। If I only knew. (ইফ আই ওনলি নিই)

৯. সেই কাজে সফল হও আশা করি। Wish you succeed in that work.
(উইশ ইউ সাকসিড ইন দ্যাট ওয়ার্ক)

১০. ভাল থেক। May you stay well. (মে ইউ স্টেই ওয়েল)

১১. আমি যদি সেটা বুঝতে পারতাম। If only I understood that. (ইফ ওনলি আই আন্ডারস্টুড দ্যাট)

১২. আমি যদি তাকে চিনতে পারতাম। If only I recognised him.
( ইফ ওনলি আই রেকোগনাইজ্ড হিম)

১৩. ভালো মত পরীক্ষা দিও। May you do well in your exam.
(মে ইউ ডু ওয়েল ইন ইয়র এক্জাম)

১৪. আশা করি ভাল আছ। Hope you are well. (হোপ ইউ আর ওয়েল)

১৫. আলাহ তোমায় সুখে রাখুন। May Allah keep you in peace.
(মেই আলাহ কিপ ইউ ইন পিস)

১৬. যদি আর কখনো ফিরে যেতে পারতাম If only I could ever return to the
বাল্যকালের সোনালী দিন গুলোতে। golden days of youth.
(ইফ ওনলি আই কুড এভার রিটার্ন টু দা গোল্ডেন ডেইস অফ ইওথ)

১৭. তারা মজায় দিন কাটাক। May they pass their days in fun.
(মে দেই প্যাস দেয়ার ডেইস ইন ফান)

১৮. যদি আমার আশা পূরণ হত। Would that my wish was fulfilled.
(উড দ্যাট মাই উইশ ওয়াস ফুলফিল্ড )

১৯. কোন বাঁধা বিপত্তিই তোমাকে No hardships may slow you. ঠেকাতে যেন না পারে।
(নো হার্ড শিপস মে সো ইউ)

২০. আশা করি সব কিছু ঠিকঠাক Hope everything will work out মতই হবে। well.
(হোপ এভ্রিথিং উইল ওয়ার্ক আউট ওয়েল।)

tanbircox.blogspot.com

# Exclamatory sentence

Exclamatory sentence - বিস্ময়, দুঃখ, আনন্দ, বিরক্তি, †µva, অভিলাষ ইত্যাদি বুঝাতে Exclamatory sentence ব্যবহ্ৃত হয়। এতে Verb, subject এর পরে বসে। অনেক সময় Verb উহ্যও থাকে।

কিছু Exclamatory Sentence

১. কি আক্ষেপের রিষয়! What a pity! (হোয়াট এ পিটি)

২. তোমায় ধিক! Shame on you. (শেম অন ইউ)

৩. কিরুপ নিপুণতার সহিত সে How skillfully he managed the
ব্যাপারটির সমাধান করল! matter. (হাউ স্কিলফুলি হি ম্যানেজড দা ম্যাটার)

৪. ছি! তুমি একজন মিথ্যাবাদী। Fie! You are a liar.
(ফাই! ইউ আর আ লায়ার)

৫. চুপ কেউ আসছে। Hush! Somebody is coming.
(হাশ! সামবাডি ইজ কামিং)

৬. হায়! ভিক্ষুকটি মারা গেছে। Alas! The begger is dead.
(আলাস! দা বেগার ইজ ডেড)

৭. ছবিটি কি সুন্দর! What a beautiful picture.
(হোয়াট আ বিউটিফুল পিকচার!)

৮. আমরা জয়ী হয়েছি! We won. (উই ওন!)

৯. সংবাদটা অত্যন্ত দুঃখের! The news is very sad.
(দা নিউজ ইজ ভেরি স্যাড)

১০.হায়! পাত্রটি ভেঙ্গে গিয়েছে। Alas! The vessel is broken.
(আলাস! দা ভেসেল ইজ ব্রোকেন)

tanbircox.blogspot.com

Sentence তৈরী করুন ইঙ্গিত (Hints)Gi সাহায্যে:

1. (I/ interest/ football) I am Interested in football.
2. (She/ tea/ breakfast/ everyday) ________________.
3. (You/ engineer?) ___________________________.
4. (You/come/my house?) ______________________.
5. (Listen/ your parents) _______________________.
6. (Don't/ dishonest) ___________________________.
7. (Allah/ bless you) ____________________________.

# Tense (ক্রিয়ার কাল)

ইংরেজী শেখা এবং কথা বলার জন্য প্রথমেই যা দরকার তা হলো Tense সম্মন্ধে কিছুটা ধারনা। Tense এর m¤^‡Ü ধারনা না থাকলে বাক্য জটিলতর মনে হবে।

সব ভাষারই গঠনে কিছু নিয়ম কানুন আছে। এই নিয়ম কানুন না জানলে কোন ভাষাই রপ্ত করা যায় না। আর এই ভাষা রপ্ত করার জন্য দরকার Tense বা কালের সম্নন্ধে জ্ঞান। এই অধ্যায়ে সংক্ষিপ্ত ও সহজ ভাবে এর উপর কিছু আলোচনা করা হল।

Tense :- ক্রিয়া বা Verb এর কালকে বলে।

প্রথমত ৩ প্রকার যথা

১) Present Tense

২) Past Tense

৩) Future Tense

1) Present Tense:- বর্তমান কালে কোন কাজ করা হলে অথবা Present time কে চিহ্নিত করে কোন কাজ করা হলে তা Present Tense.

Present Tense এর জন্য দরকার Verb এর Present Form.

প্রথমে Subject বা কর্তা তারপর Verb- (1) তারপর Object বসে।

যেমন:-

I eat rice

subject verb object

আমি ভাত খাই

কর্তা ক্রিয়া কর্ম

কর্তা Third Person Singular Number বা একজন হলে Verb এর সঙ্গে s বা es যুক্ত হয়।

যেমন:- He eats rice.

2) Past Tense :- অতীতে কোন কাজ হয়ে গেছে বুঝানো হলে বা Past time কে চিহ্নিত করে কিছু বুঝালে Past Tense হয়।

এ ক্ষেত্রে Verb এর Past form হয়।

যেমন:- I ate rice.

এখানে 'ate' Verb- এর Past form

আমি ভাত খেলাম। Subject+verb-(2)

3) Future Tense:- কোন কাজ ভবিষ্যতে হবে বুঝাইলে Future Tense হয়।

Future Tense এ Shall বা Will ব্যবহৃত হয়। Verb Present Form- এ থাকে।

tanbircox.blogspot.com

যেমন:- ও shall eat rice.

আমি ভাত খাব

Subject+shall/will+verb- (3)

আমি এবং আমরা ছাড়া আর

সব ক্ষেত্রে will ব্যবহৃত হয়।

He will eat rice.

সে ভাত খাবে।

They will eat rice.

তারা ভাত খাবে।

মোটামুটি ভাবে খুব সংক্ষেপে Tense আলোচিত হলো।

প্রত্যেকটি Tense আবার ৪ প্রকার যা ধাপে ধাপে আলোচিত হবে। যে Sentence গুলো কথাবার্তায় বেশী দরকার হয় সে গুলোই আলোচিত হবে।

এ গুলোর Negetive বা না বাচক এবং প্রশ্নবোধক Sentence তৈরি করা আলোচিত হবে।

tanbircox.blogspot.com

# Present, Past ও Future tense এর প্রকারভেদ-

Simple Present বা Present Indefinite Tense :- বর্তমান কালে যে সব simple বা সাধারন কাজ হয় বা যে কাজ Indefinite বা সচারচর হয়।

একই ভাবে যে কাজ পূর্বে হয়ে গেছে তা Simple Past Tense বা Past Indefinite Tense.

আবার যে কাজ ভবিষ্যতে হবে তা Future Indefinite বলে।

Simple Present and past এই অধ্যায়ে Simple Present বা present Indefinite Tense ও এর Past Simple form দেখানো হলো। এতে একই সঙ্গে Present and past সম্পর্কে ধারনা হবে। এবং যে সব কথা বর্ণ আমাদের দৈনন্দিন জীবনে ব্যবহৃত হয় সেগুলো আলোচিত হলো।

১)বইটির কাটতি ভাল । বইটির কাটতি ভাল ছিল।

The book sells well. The book sold well.

(দা বুক সেল্স ওয়েল) (দা বুক সোল্ড ওয়েল)

২)সে ভাল গায়। সে ভাল গিয়েছিল

She sings well. She sang well.

(সি সিংস ওয়েল) (সি স্যাং ওয়েল)

৩)তার সর্দি হয়। তার সর্দি হয়েছিল।

He catched cold. He caught cold.

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks
(হি ক্যাচেজ কোল্ড) (হি কট কোল্ড)

৪)সকালটা বেশ চমৎকার সকালটা বেশ চমৎকার ছিল।

It is a very fine morning. It was a very fine morning.

(ইট ইজ আ ভেরি ফাইন মনিং) (ইট ওয়াজ আ ভেরি ফাইন মনিং)

৫)বিকালটা বেশ চমৎকার বিকালটা বেশ চমৎকার ছিল

It is a very fine afternoon. It was a very fine afternoon.

(ইট ইজ আ ভেরি ফাইন আফটার নুন) (ইট ওয়াজ আ ভেরি ফাইন আফটার নুন)

৬)তিনি কমিটিতে আছেন। তিনি কমিটিতে ছিলেন।

He is in the committee. He was in the committee.

(হি ইজ ইন দ্য কমিটি) (হি ওয়াজ ইন দ্য কমিটি)

৮) টাকা অর্জন সহজ নয় টাকা অর্জন কখনও সহজ ছিল না

It's not easy to earn money. It was never easy to earn money.

(ইটস্ নট ইজি টু আর্ন মানি) (ইট ওয়াজ নেভার ইজি টু আর্ন মানি)

৯) সময় কারো জন্য অপেক্ষা করে না সময় কখনো কারো জন্য অপেক্ষা করে নাই

Time waits for no man. Time never waited for any man.

(টাইম ওয়েট্স ফর নো ম্যান) (টাইম নেভার ওয়েটেড ফর এনি ম্যান)

১০) আমি এটা কৌতুক করে বলাম। আমি এটা কৌতুক করে বলেছিলাম।

I said it as a joke. I had said it as a joke.

(আই সেড ইট অ্যাজ এ জোক) (আই হ্যাড সেইড ইট অ্যাজ এ জোক)

১১) আমার মতে সে দোষী। আমার মতে সে দোষী ছিল।

In my opinion he is guilty. In my opinion he was guilty.

(ইন মাই ওপিনিয়ন হি ইজ গিল্টি) (ইন মাই ওপিনিয়ন হি ওয়াজ গিল্টি)

১২) এটা শুনে তার দু:খ হচ্ছে। এটা শুনে তার দু:খ হয়েছিল

He is in pain to hear this. He was in pain to hear this.

(হি ইজ ইন পেইন টু হিয়ার দিস) (হি ওয়াজ ইন প্েইন টু হিয়ার দিস)

১৩) বড়ই দু:খের। বড়ই দু:খের ছিল।

It is a pity. It was a pity.

(ইট ইজ আ পিটি) (ইট ওয়াজ আ পিটি)

১৪) সে জীবনে অতিষ্ট হয়ে উঠেছে। সে জীবনে অতিষ্ট হয়ে উঠেছিল।

He is fed up with his life. He was fed up with his life.

(হি ইজ ফেড আপ উইথ হিজ লাইফ) (হি ওয়াজ ফেড আপ উইথ হিজ লাইফ)

১৫) তার মাথা ধরেছে। তার মাথা ধরেছিল।

facebook /gmail/skype: - tanbir.cox Website 🌍:- http://tanbircox.blogspot.com

He has a headache. He had a headache.
(হি হ্যাজ আ হেডেক) (হি হ্যাড আ হেডেক)
১৬) ইহাতে আমার কোন হাতনেই। ইহাতে আমার কোন হাত ছিল না।
I have no hand in this matter. I had no hand in this matter.
(আই হ্যাভ নো হ্যান্ড ইন দিজ ম্যাটার) (আই হ্যাড নো হ্যান্ড ইন দ্যাট ম্যাটার)
১৭) কি করতে হবে কিছুই বুঝতে পারছিনা। কি করতে হবে কিছই বুঝতে পারি নাই
I can't understand what to do. I couldn't understand what to do.
(আই ক্যান্ট আন্ডারষ্ট্যান্ড হোয়াট টু ডু) (আই কুড্ন্ট আন্ডান ষ্ট্যান্ড হোয়াট টু ডু)
১৮) জন্মদিনে সে আমাকে রিং করে। জন্ম দিনে সে আমাকে রিং করেছিল।
He ringed me on my birthday. He rang me on my birthday.
(হি রিংড মি অন মাই বার্থডে) (হি র্যাং মি অন মাই বার্থডে)

# Simple Present tense

এই অধ্যায়ে আমরা আলোচনা করবো প্রশড়ব করা ও না বাচক বাক্য নিয়ে Simple Present tense কে Negative ও Question করতে হলে Do অথবা Does ব্যবহার করতে হয় Singular number এ does ব্যবহার হয় Third Person Singular number কে সহজেই বুঝা যায় এর S,es ব্যবহার দেখে। সুতরাং Verb এর সঙ্গে S বা es দেখা গেলে শুধু does ব্যবহৃত হবে।একই সঙ্গে আলোচিত হবে Past Simple এর negative ও Question নিয়ে। একই সাথে আলোচিত হলে শিক্ষাহীর জন্য সহজ হয়ে যায় এবং শেখাটা সঠিক হয়। সাথে নিত্যব্যবহার্য কিছু বাক্য দেওয়া হল।
১) তুমি কি ইংরেজী বলা পছন্দ কর? তুমি কি ইংরেজী বলা পছন্দ করেছিলে?
Do you like to speak English? Did you like to speak English?
(ডু হউ লাইক টু স্পিক ইংলীশ?) (ডিড ইউ লাইক ু স্পিক ইংলিশ??)
২) সে তোমার কানে কানে কি বলে? সে তোমার কানে কানে কি বলেছিল?
What does he whisper in your ear? What did he whisper in your ear?
(হোয়াট ডাজ হি উঅইসপার ইন ইওর এয়ার?) (হোয়াট ডিড হি উইসপার ইন ইওর এয়ার?)
৩) জন্ম দিনে সে আমাকে ফুল উপহার দেয়। জন্মদিনে সে আমাকে ফুল উপহার দিয়েছিল
He presents me with flowers on He presented me with flowers my birthday. on my birthday.
(হি প্রেজেন্টস মি উইথ ফ্লাওয়ারস্ অন মাই (হি প্রেজেন্টেড মি উইথ ফ্লাওয়ারস বার্থডে) অন মাই বার্থডে)
৪) মা আমার জন্মদিনে পার্টির ব্যবস্থা করে। মা আমার জন্মদিনে পার্টির ব্যবস্থা করেছিল।
Mother arranges a party on my Mother arranged a party on my birthday. birthday.
(মাদার অ্যারেন্েজস আ পার্টি অন মাই বার্থডে) (মাদার অ্যারেন্েজড আ পার্টি অন মাই বার্থডে)

tanbircox.blogspot.com

৫) আমি মোম বাতি গুলো নিভিয়ে কেক কাটি। আমি মোম বাতি গুলো নিভিয়ে কেক কেটেছিলাম।

I blow out the candles and cut the I blew out the candles and cut cake. the cake.

(আই ব্লো আউট দা ক্যান্ডেলস্ অ্যান্ড কাট দা (আই ব্লিউ আউট দ্য ক্যান্‌েডলস কেক) অ্যান্ড কাট দ্য কেক)

৬) আমি চা খাই না। আমি চা খেতাম না। I don't drink tea. I didn't use to drink tea.

(আই ডোন্ট ড্রিংক টি) (আই ডিডেন্ট ইউজ টু ড্রিংক টি)

৭) তুমি কখন খবরের কাগজ পড়? তুমি কখন খবরের কাগজ পড়েছিলে?

When do you read the newspaper? When did you read the newspaper?

(হোয়েন ডু ইউ রিড দ্য নিউজ পেপার?) (হোয়েন ডিড ইউ রিড দ্য নিউজ পেপার?)

৮)তুমি কি কিছু কিনতে চাও? তুমি কি কিছু কিনতে চেয়েছিলে?

Do you want to buy anything? Did you want to buy anything?

(ডু ইউ ওয়ানট টু বাই এনিথিং?) (ডিড ইউ ওয়ানট টু বাই এনিথিং?)

৯)তুমি কি গান শোনা পছন্দ কর? তুমি কি গান শোনা পছন্দ করতে?

Do you like listening to music? Did you like listening to music?

(ডু ইউ লাইক লিসেনিং টু মিউজিক?) (ডিড ইউ লাইক লিসেনিং টু মিউজিক?)

১০)তুমি কেন আমার ঘুম ভাঙ্গাও? তুমি কেন আমার ঘুম ভাঙ্গিয়েছিলে?

Why do you disturb my sleep? Why did you disturb my sleep?

(হোয়াই ডু ইউ ডিসটার্ব মাই সিপ?) (হোয়াই ডিড ইউ ডিসটার্ব মাই সিপ?)

১১)তুমি কি সাঁতার কাটতে জান? তুমি কি সাঁতার কাটতে জানতে?

Do you know how to swim? Did you know how to swim?

(ডু ইউ নো হাউ টু সুইম?) (ডিড ইউ নো হাউ টু সুইম?)

১২)সেকি ইংরেজিতে কথা বলার চেষ্টা করে? সেকি ইংরেজিতে কথা বলার চেষ্টা করেছিলো?

Does he try to speak English? Did he try to speak English?

(ডাজ হি ট্রাই টু স্পিক ইংলিশ?) (ডিড হি ট্রাই টু স্পিক ইংলিশ?)

১৩)আপনি কি চুলে কলপ লাগান? আপনি কি চুলে কলপ লাগিয়েছিলেন?

Do you dye your hair? Did you dye your hair?

(ডু ইউ ডাই ইওর হেয়ার?) (ডিড ইউ ডাই ইওর হেয়ার?)

১৮)সে ঘড় ঝাড়ু দেয়না। সে ঘড় ঝাড়ু দেয়নি।

He doesn't sweep the room. He didn't sweep the room.

(সি ডাজেন্ সুইপ দ্য রুম) (সি ডিডেন্ট্ সুইপ দ্য রুম)

১৯)আমি জানলাটা বন্ধ করি। আমি জানলাটা বন্ধ করেছিলাম।

I close the window. I closed the window.

(আই ক্লোজ দ্য উইনডো) (আই ক্লোজড দ্য উইনডো)

tanbircox.blogspot.com

২০)আমি তার সাথে দেখা করতে যাই আমি তার সাথে দেখা করতে গিয়েছিলাম।

I go to meet him. I went to meet him.

(আই গো টু মিট হিম) (আই ওয়েন্ট টু মিট হিম)

২২)বনের মধ্যে পেঁচা ডাকছে। বনের মধ্যে পেঁচা ডাকছিল।

Owl is hooting in the jungle. Owl was hooting in the jungle.

(আউল ইজ হুটিং ইন দ্য জাঙ্গাল) (আউল ওয়াজ হুটিং ইন দ্য জাঙ্গাল)

২৩)আমরা বনভোজনে যাই আমরা বনভোজনে গিয়েছিলাম

We go to a picnic. We went to a picnic.

(উই গো টু আ পিকনিক) (উই ওয়েন্ট টু আ পিকনিক)

২৪)এখন সাড়ে পাঁচটা তখন সাড়ে পাঁচটা

It is half past five. It was half past five.

(ইট ইজ হাফ পাষ্ট পাইভ) (ইট ওয়াজ হাফ পাষ্ট ফাইভ)

২৫)তাকে সুন্দর দেখাচ্ছে। তাকে সুন্দর দেখাচ্ছিল

She is looking beautiful. She was looking beautiful.

(শী ইজ লুকিং বিউটিফুল) (শি ওয়াজ লুকিং বিউটিফুল)

২৬)আকাশটা তাঁরায় ভরা আকাশাট তারায় ভরা ছিল

The sky is filled with stars. The sky was filled with stars.

(দ্য স্কাই ইজ ফিলড উইথ স্টার্স) (দ্য স্কাই ওয়াজ ফিলড উইথ স্টার্স)

২৭)সে প্রতিদিন সকালে দু ঘন্টা সাতাঁর কাটে সে প্রতিদিন সকালে দু ঘন্টা সাতাঁর কাটত।

He swims every morning for two He used to swim everymorning hours.

for two hours.

(হি সুইমস্ এভ্রি মনিং ফর টু আওয়ার্স) (হি ইউজ টু সুইম এভ্রি মনিং ফর টু আওয়ার্স)

২৮)আমি গান গেতে জানি না। আমি গান গেতে জানতাম না

I don’t know how to sing. I didn’t know how to sing.

(আই ডোন্ট নো হাউ টু সিংগ) (আই ডিডেন্ট নো হাউ টু সিংগ)

নিচের প্রশড়বগুলো উত্তর দিয়ে দক্ষতা পরীক্ষা করুন-(সবিধার জন্য বইয়ের শেষে কিছু নমুনা উত্তর দেওয়া হল।) Give a test: -

tanbircox.blogspot.com

# এবার Can ও May দ্বারা Sentence গঠন আলোচিত হল।

১)তুমি তাকে সাহায্য করতে পার। তুমি তাকে সাহায্য করতে পারতে।

You can help him. You could help him.

(ইউ ক্যান হেলপ হিম) (ইউ কুড হেলপ হিম)

২)তুমি কি বলতে পার কখন সে বাসা তুমি কি বলতে পারতে কখন সে বাসা

থেকে বের হয়? থেকে বের হয়েছিল?

Can you tell me when he leaves Could you tell me when he left

home? home?

(ক্যান ইউ টেল মি হোয়েন হি লিভস হোম?) (কুড ইউ টেল মি হোয়েন হি লেফট হোম?)

৩)আমি সময়মত পৌঁছতে পারি। আমি সময়মত পৌঁছতে পারতাম।

I can reach in time. I could reach in time.

(আই ক্যান রিচ ইন টাইম) (আই কুড রিচ ইন টাইম)

tanbircox.blogspot.com

মনে হয় মনে হওয়া বা মনে হয়েছিল এরুপ নিম্নে আলোচিত হল, যে কথাগুলো দৈনন্দিন জীবনে সচরাচর ব্যবহৃত হয় সে কথা গুলিই আলোচিত হল।

১) তোমাকে বড় সুখী মনে হয়। You seen to be very happy. (ইউ সিম টু বি ভেরি হ্যাপি।)

২) বয়সের তুলনায় আপনাকে ছোট দেখায়। You look younger than your age.

(ইউ লুক ইয়াংগার দ্যান ইয়র এইজ)

৩) তাকে ধনী মনে হয়। He seems to be rich. (হি সিমস্ টু বি রিচ)

৪) বোঝাটিকে ভারী মনে হয়েছিল। The load seems to be heavy. (দা লোড সিমড টু বি হেভি)

৫) খাবারটি বাসি মনে হয়। The food seems to be stale. (দা ফুড সিমস টু বি স্টেইল)

৬) মাছ গুলোকে পচা মনে হয়। The fish seem to be rotten. (দি ফিস সিম টুবি রটেন)

৭) ছেলেটিকে বিশ্বস্তমনে হয় না। The boy does not seem to be faithful

(দা বয় ডাজ নট সিম টু বি ফেইথফুল)

৮)তাদেরকে বড় হৃদয়ের মনে হয় না। They do not seem to be large hearted

(দেই ডু নট সিম টু বি লার্জ হার্টেড।)

৯) তাকে পরিশ্রমী মনে হয়নি। He did not seem to be industrius.

(হি ডিড নট সিম টু বি ইনডাসট্রিয়াস)

১০) তাকে কি মেধাবী মনে হয়েছিল? Did he seem to be meritorious?

(ডিড হি সিম টু বি মেরিটরিয়াস?)

১১) মেয়েটিকে কি বেয়াদব বলে মনে হয়? Does the girl seem to be impudent?

(ডাজ দা গার্ল সিম টু বি ইমপুডেন্ট)

১২) ছেলেগুলো কে কি চঞ্চল মনে হয়? De the boys seem to be restless? (ডু দা বয়জ সিম টু বি রেষ্টলেস্?)

# কোন কাজ উচিত অর্থে বুঝাইলে Should ব্যবহার করা হয়।

# Sub+Should+main verb

কিন্তু Sentence এ Subject না থাকলে Object টি আকারে বসে +Should be+মূল Verb এর Past participle হয় ।যেমন-

১) তোমার বৃদ্ধ মাতাপিতাকে দেখাশুনা করা You should look after your old উচিত। Parents.

(ইউ সুড লুক আফটার ইওর ওল্ড প্যারেন্টস)

২) আমাদের সময়মত আহার করা উচিত। We should take meal in time. (উই সুড টেক মিল ইন টাইম)

৩) কারো বেশি খাওয়া উচিত নয়। One should not eat more. (ওয়ান সুড নট ইট মোর)

৪) তার কর্তব্য অবহেলা করা উচিত নয়। He should not neglect his duty. (হি সুড নট নেগলেক্ট হিজ ডিউটি)

৫) দুর্নীতি দমন করা উচিত। Corruption should be checked. (কররাপশন সুড বি চেক্ট)

৬) গরীবদের সাহায্য করা উচিত। The poor should be helped. (দ্য পোর সুডবি হেল্পড)

৭) কাজটি করা উচিত। The work should be done. (দ্য ওয়ারক সুড বি ডান)

tanbircox.blogspot.com

# Present continous tense

এই অধ্যায়ে আমরা আলোচনা করব Present continous tense নিয়ে এবং একই সঙ্গে আলেচিত হবে Past continous tense নিয়ে।

কোন কাজ বর্তমানে চলছে বুঝালে Present continous tense হয়।কাজটা শেষ না হয়ে Continous চলছে এরুপ বোঝায়।

এরুপ হলে Verb এর সঙ্গে ing যোগ হয়, তার পূর্বে am, is, are বসে। Past Continous tense এ একই ভাবে Present এর স্থলে Past form হয়। অতীতে কোন কাজ চলছিল বুঝায়। একই ভাবে Verb এর সঙ্গে ing যুক্ত হয়, এর পূর্বে Subject অনুযায়ী was বা were বসে।

১) মেঘ গর্জন করছে। মেঘ গর্জন করছিল।

The clouds are thundering. The clouds were thundering.

(দা ক্লাউড্স আর থানদারিং) (দা ক্লাউড্স ওয়্যার থানদারিং)

২) বৃষ্টি হচ্ছে কি? বৃষ্টি হচ্ছিল কি?

Is it raining? Was it raining?

(ইজ ইট রেইনিং?) (ওয়াজ ইট রেইনিং?)

৩) ভিক্ষুকটি শীতে কাঁপছে ভিক্ষুকটি শীতে কাঁপছিল।

The begger is shivering with The begger was shivering with cold. cold.

(দা বেগার ইজ শিভারিং উইদ কোল্ড) (দা বেগার ওয়াজ শিভারিং উইদ কোল্ড)

৪) তারা আমার জন্য অপেক্ষা করছে। তারা আমার জন্য অপেক্ষা করছিল

They are waiting for me. They were waiting for me.

(দেই আর ওয়েটিং ফর মি) (দেই ওয়ার ওয়েটিং ফর মি)

৫) কেউ দরজায় খট্ খট্ করছে। কেউ দরজায় খট্ খট্ করছিল।

Some one is knocking at the Someone was knocking at the door. door.

(সামওয়ান ইজ নকিং এ্যাট দা ডোর) (সামওয়ান ওয়াজ নকিং এ্যাট দা ডোর)

৬) এই পোষাকে তোমাকে খুব ফিট ফাট ঐ পোষাকে তোমাকে খুব ফিট ফাট দেখাচ্ছে । দেখাচ্ছিল।

You are looking very smart in You were looking very smart in this dress. that dress.

(ইউ আর লুকিং ভেরী স্মার্ট ইন দিজ ড্রেস) (ইউ ওয়্যার লুকিং ভেরী স্মার্ট ইন দ্যাট ড্রেস)

৭) ঝগড়া চেঁচামেচি করে লাভ কি? ঝগড়া চেঁচামেচি করে লাভ কি ছিল?

What is the use of rangling? What was the use of rangling?

(হোয়াট ইজ দা ইউজ্ অফ র‍্যাংগলিং?) (হোয়াট ওয়াজ দা ইউজ্ অফ র‍্যাংগলিং?)

৮) সে আমার দিকে আসছে। সে আমার দিকে আসছিল।

He is coming towards me. He was coming towards me.

(হি ইজ কার্মিং টুয়ার্ডস মি) (হি ওয়াজ কার্মিং টুয়ার্ডস মি)

৯) ওখানে কি ঘটছে? ওখানে কি ঘটছিল?

What is happening there? What was happening there?

(হোয়াট ইজ হ্যাপেনিং দেয়ার?) (হোয়াট ওয়াজ হ্যাপেনিং দেয়ার?)

১০) আকাশ মেঘযুক্ত, শীঘ্রই বৃষ্টি হবে। আকাশ মেঘযুক্ত ছিল, শীঘ্রই বৃষ্টি হতে যাচ্ছিল।

The sky is cloudy, it is going The sky was cloudy, it was to rain soon. going to rain soon.

(দা স্কাই ইজ ক্লাউডি, ইট ইজ গোয়িং (দা স্কাই ওয়াজ ক্লাউডি, ইট ওয়াজ গোয়িংটু রেইন সুন)

গোয়িংটু রেইন সুন।)

১১) তারা হসপিটালে যাচ্ছে তাদের মাকে তারা হসপিটালে যাচ্ছিল তাদের মাকে দেখতে। দেখতে।

They are going to the hospital to They were going to the

visit their mother. hospital to visit their mother

(দেই আর গোয়িং টু দা হসপিটাল টু দেই ওয়্যার গোয়িং টু দা হসপিটাল ভিজিট দেয়ার মাদার।

টু ভিজিট দেয়ার মাদার।)

১২) সে কি কফি পান করছে? সে কি কফি পান করছিল?

Is he drinking coffee? Was he drinking coffee?

(ইজ হি ড্রিংকিং কফি?) (ওয়াজ হি ড্রিংকিং কফি?)

১৩) টেলিফোনটি বাজছে। টেলিফোনটি বাজছিল।

The telephone is ringing. The telephone was ringing.

(দা টেলিফোন ইজ রিংগিং) (দা টেলিফোন ওয়াজ রিংগিং)

১৪) সে গিটার বাজাচ্ছে না সে গিটার বাজাচ্ছিল না।

He is not playing the guiter. He was not playing the guiter.

(হি ইজ নট পেইং দা গিটার) (হি ওয়াজ নট পেইং দা গিটার)

১৫) সেকি ছবি তুলছে? সেকি ছবি তুলছিল?

Is he taking photos? Was he taking photos?

(ইজ হি টেকিং ফোটোস?) (ওয়াজ হি টেকিং ফোটোস?)

১৬) তুমি কি টেলিভিশন দেখছো? তুমি কি টেলিভিশন দেখছিলে?

Are you watching television? Were you watching television?

